

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

০২ নভেম্বর'২০২৩খ্রি.

সড়কের মান বাড়াবে চসিকের নির্মাণ সামগ্রী পরিক্ষণ গবেষণাগার-মেয়র

সড়কে ব্যবহৃত নির্মাণ সামগ্রীর মান পরীক্ষা করতে গবেষণাগার চালু করেছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। বৃহস্পতিবার সাগরিকায় অত্যাধুনিক এ গবেষণাগার উদ্বোধনকালে মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী বলেন, কোটি টাকা ব্যয়ে কোর কাটার মেশিন, ওভেনসহ ৩৩টি বিভিন্ন অত্যাধুনিক মেশিনে সড়কসহ বিভিন্ন অবকাঠামো উন্নয়নে ব্যবহৃত সামগ্রী পরীক্ষা করা হবে এ গবেষণাগারে। আবার প্রকল্প শেষ হলে সে প্রকল্প থেকে স্যাম্পল সংগ্রহ করে কাজের মান পরীক্ষা করা হবে। ফলে একদিকে চট্টগ্রামের রাস্তার মান বাড়বে, অপরদিকে আগে এ পরীক্ষাগুলো বাহিরে করতে গিয়ে যে ব্যয় হতো তা সাশ্রয় হয়ে চসিকের আয় বাড়বে এবং সময় সাশ্রয় হবে।

উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম, কাউন্সিলর মো. ইসমাইল, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা কমান্ডার লতিফুল হক কাজমী, পিএসসি, বিএল, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, তত্ত্বাবধায়ক প্রকৌশলী আলী আকবর, শাহিনুল ইসলাম, আবু ছিদ্দিক, নির্বাহী প্রকৌশলী রেজাউল বারী ভূঁইয়া, আনোয়ার জাহান, আশিকুল ইসলাম, মীর্জা ফজলুল কাদের, ফারজানা মুক্তা, তৌহিদুল ইসলামসহ কর্মকর্তাবৃন্দ।

বহুদারহাট কাঁচাবাজার সহ এলাকার উন্নয়নে অগ্রাধিকার দেয়া হবে-মেয়র

বহুদারহাট কাঁচাবাজারের উন্নয়নের জন্য পরিদর্শন করেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। এসময় কাউন্সিলর মোবারক আলী বহুদারহাট-হাটহাজারী সড়কের সম্প্রসারণ, এলাকার জলাবদ্ধতা নিরসন ও উন্নয়নসহ বিভিন্ন সম্ভাবনা ও চ্যালেঞ্জ মেয়রের কাছে তুলে ধরলে মেয়র সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশ দেন। এসময় উপস্থিত ছিলেন চসিকের প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, তত্ত্বাবধায়ক প্রকৌশলী আবু ছিদ্দিক, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা রেজাউল করিমসহ কর্মকর্তাবৃন্দ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮